লেন্স এশিয়া

৩ আগস্ট, ২০২৬

# ইরানের ভবিষ্যৎ জনগণের হাতেই: পেজেশকিয়ান



পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

ইরানের ভবিষ্যৎ নির্ধারণের অধিকার একমাত্র দেশটির জনগণের হাতে বলে মন্তব্য করেছেন প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। একই সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে চলমান উত্তেজনার সময়ে ধৈর্য, সাহস ও ঐক্যের পরিচয় দেওয়ায় তিনি ইরানের জনগণের প্রশংসা করেন।

শনিবার (১ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় পেজেশকিয়ান বলেন, দীর্ঘদিন ধরে যুদ্ধের হুমকি, আন্তর্জাতিক চাপ ও বৈরী পরিস্থিতির মধ্যেও ইরানের জনগণ দেশের পাশে অবিচল থেকেছে।

তিনি ২০২৪ সালের ৩১ জুলাই তেহরানে হামাসের রাজনৈতিক নেতা ইসমাইল হানিয়ার হত্যাকাণ্ডের প্রসঙ্গ তুলে বলেন, ওই ঘটনার পর থেকেই ইরান নানা ধরনের সংকট ও চাপের মুখোমুখি হয়েছে। তবুও জনগণ ঐক্য ও দৃঢ়তার সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করেছে।

পেজেশকিয়ান বলেন, "ইরানের ভবিষ্যৎ গড়ে তুলবেন ইরানের জনগণই।"

LENS ASIA